দৈনিক সংবাদ

তারিখ ...3 1 OCT 1992 ... ...
পৃষ্ঠা ... ১ ... কলাম ... ১ ...

148

## স্কুল মেরামতে এডিবি'র এক কোটি এসডিআর ঋণ অনুমোদন

ক্ষতিগ্রস্ত স্কুল পুনর্গঠন ও মেরামত করার জন্য এশীয় উন্নয়ন ব্যাংক (এডিবি) বাংলাদেশকে এক কোটি এসডিআর (দেড় কোটি ডলার) ঋণ অনুমোদন করেছে। সংবাদ বিজ্ঞপ্তির বরাত দিয়ে বাসস এ খবর দিয়েছে।

সুদমুক্ত এই ঋণের জন্য বছরে ১ শতাংশ সার্ভিস চার্জ দিতে হবে। ১০ বছরের রেয়াতী সুবিধাসহ ৪০ বছরে এই ঋণ শোধ করতে হবে।

চট্টগ্রাম ও খুলনা বিভাগে গত বছরের ঘূর্ণিঝড়ে ক্ষতিগ্রস্ত সরকারী প্রাথমিক বিদ্যালয় এবং সরকারী ও সরকার অনুমোদিত উচ্চ মাধ্যমিক বিদ্যালয়ের পুনর্গঠন ও মেরামত করার জন্য এই ঋণ দেয়া হয়েছে।